

প-স্কেল নিয়ে আশুতোষ বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সংবাদ সম্মেলন আজ

যুগান্তর রিপোর্টে

দাবির বিষয়ে নিজেদের অবস্থান জানাতে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা সংবাদ সম্মেলন ডেকেছেন। আজ দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। বুধবার বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

মোট অধ্যাপকের ২৫ শতাংশকে গ্রেড-১ দেয়া এবং মোট অধ্যাপকের ৫ শতাংশকে 'ডিস্টিংগুইশড অধ্যাপক' করার দাবিতে বিশ্ববিদ্যালয় শিক্ষকরা গত কয়েক মাস ধরে আন্দোলন করছেন। এরই ধারাবাহিকতায় ১১ জানুয়ারি থেকে লাগাতার কর্মবিরতি শুরু করেন। প্রধানমন্ত্রীর আশ্বাসে অবশ্য তারা আলটিমেটাম দিয়ে ১৯ জানুয়ারি কর্মবিরতি স্থগিত করেন।